

চার দিনব্যাপী অনুষ্ঠিত অকো-টেক্স প্রেজেন্টস বুটেক্স ডিসি জাতীয় বিতর্ক উৎসব-২০২২ সফলভাবে সমাপ্ত হয়েছে। গত ২৩ সেপ্টেম্বর ব্রিটিশ সংসদীয় বিতর্ক প্রতিযোগিতা 'ইএনটিডব্লিউআইএনই ১.০' অনুষ্ঠিত হয়। পরের দিন প্রতিযোগিতার চূড়ান্ত পর্যায় আয়োজন করা হয়। একই সঙ্গে স্কুল-কলেজ পর্যায়ের বিতর্ক অনুষ্ঠিত হয়।

৩০ সেপ্টেম্বর অনুষ্ঠিত হয় বিশ্ববিদ্যালয় পর্যায়ের বাংলা এশিয়ান পার্লামেন্টারি বিতর্ক। পরে ১ অক্টোবর ফাইনাল এবং পুরস্কার বিতরণী অনুষ্ঠান হয়। এছাড়াও সাংস্কৃতিক সন্ধ্যা আয়োজিত হয়।

এবারই প্রথম ইংরেজি বিপি বিতর্ক আয়োজন করে বুটেক্স ডিবেটিং ক্লাব। বিতর্কিক দল এবং সম্মানিত বিচারকরা এই মহাযজ্ঞের ভূয়সী প্রশংসা করেন। বুটেক্স ডিসির আতিথেয়তা ও সুষ্ঠু পরিচালনা সবাইকে মুগ্ধ করে।

ইংরেজি বিতর্কে মোট ৩২ টি দল অংশগ্রহণ করে। নোভিস ফাইনালে চ্যাম্পিয়ন হয় এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেন এর এইউডব্লিউডিএস এ এবং রানার-আপ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের আইবিএজেইউডিসি এ। ওপেন ফাইনাল চ্যাম্পিয়ন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইবিএ ডিইউ এ এবং রানার-আপ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সিইউডিএস এ। টুর্নামেন্টের শ্রেষ্ঠ বক্তা নির্বাচিত হন স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজের এসএসএমসি এ দলের রাইয়ান হুসেইন।